

শিক্ষা মন্ত্রণালয়ের কোচিং নিয়ে রিপোর্ট প্রত্যাখ্যান অভিভাবক ফোরামের

কোচিং নিয়ে শিক্ষা মন্ত্রণালয়ের গঠিত কমিটির রিপোর্ট প্রত্যাখ্যান করেছে রাজধানীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের অভিভাবকরা। রাজধানীর বিভিন্ন স্কুল ও কলেজের অভিভাবকদের সংগঠিত অভিভাবক একা ফোরাম বুধবার একমততা থেকে কয়েকটি রিপোর্টটি অগ্রহণযোগ্য ও শিক্ষকদের প্রচলিত মার্গের বিরোধীতার পরিপন্থী। এতে যে সুপারিশ করা হয়েছে তাতে প্রাতিষ্ঠানিক কোচিং এবং শিক্ষকদের দ্বারা ছাত্রী যৌন হয়রানি বাড়াবে। ডিকার্ন-নিসার শিক্ষক পরিষদ ও বিভিন্ন আইডিয়াল শিক্ষক মতিচ্যরের হতা ঘটনার পুনরাবৃত্তি ও বিকৃতি ঘটবে। আরামবাগে মুক্তিযুদ্ধ আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ অভিভাবক ফোরামের কার্যক্রমে অনুষ্ঠিত এই সভায় সভাপতিত্ব করেন বেলায়েত হোসেন। প্রধান অতিথির বক্তৃতা করেন অভিভাবক একা ফোরাম চেয়ারম্যান ডিগাজিস কবির দলু। আলোচনায় অংশ নেন ডিকার্ন-নিসা স্কুল ও কলেজের অভিভাবক ফোরামের সভাপতি ইঞ্জিনিয়ার আহম্মেদ উদ্দিন আহমেদ, আইডিয়াল স্কুল ও কলেজের অভিভাবক ফোরামের সাধারণ সম্পাদক পেরিনউদ্দিন, উইলস মিউচুয়াল স্কুল ও কলেজের অভিভাবক ফোরামের সভাপতি বাবুল মারোফ, নবিশুর উচ্চ বিদ্যালয়ের যুগ্ম সম্পাদক শাহ আলম হাওলাদার প্রমুখ। বক্তারা অনতিবিলম্বে কোচিং বন্ধ করে রাস্তা পাঠদান নিশ্চিতকরণ সংক্রমে পরিপত্র জারি করার জন্য মন্ত্রণালয়ের প্রতি আবেদন জানান। বলেন, আইন করে কোচিং বন্ধ করতে হবে। এর বাইরে স্কুলে মাননীয় শিক্ষক নিয়োগেরও দাবি করা হয়। সংবাদ বিজ্ঞপ্তি।